সিডনীতে একটি কেডেটময় রাত্রি:
গতকাল যখন সিডনীতে ঝড় বৃস্টির তান্ডব চলছিল, তখন Wentworthville এর Redgum Function Centre এ সন্ধ্যা ছয়টা থেকে রাত বারোটা পর্যন্ত অনুষ্টিত হচ্ছিল Ex Cadet দের এক বিরাট মিলনমেলা।
তার উপলখ্য ছিল আমাদের বর্তমান হাই কমিশনার, যিনি নিজেও একজন Ex Cadet. হাই কমিশনার সুফি আমার খুবই প্রিয় ও কাছের একজন বন্ধু। ও অন্য কেডেট (আমি MCC, ও RCC) কলেজে পড়লেও, BUET এ আমরা এক সাথে একই ডিপার্টমেন্টে (Civil Eng), একই সেকসনে চার/পাঁচ !! বছর পড়েছি, তাই ও সিডনীতে আসার পর আমার সাথে ভালো যোগাযোগ হয়।
গত চার বছর ও হাই কমিশনার হিসেবে অনেক ভালো কিছু করার চেস্টা করেছে যা অতীতের কেউ করতে পারেনি বা করার চেস্টা করেনি। কিন্তু চার বছর অতিবাহিত হওয়ায় তার এখন অন্যত্র চলে যেতে হবে।
তাই আমি উদ্যোগ নেই সব কেডেটদের পখ্য থেকে তাকে একটা বিদায়ী সম্বর্ধনা দেওয়ার। কয়েক মাসের প্রিপারেশন নিয়ে একটা জাঁকজমক অনুষ্ঠানের আয়োজন করি গতকাল।
পুরো অনুষ্ঠানটি পরিচালনা, পরিবেশনা ও রান্নার দায়িত্বে ছিল দশ কেডেট কলেজের ছেলে ও মেয়ে কেডেটরা (MGCC).
সুন্দর উপস্থাপনার মাধ্যমে একটি সফল ও উপভোগ্য অনুষ্ঠান সবাই এনজয় করে।
সুফি যেহেতু আমাদের ব্যেচের (HSC 1982), তাই আমাদের সংখ্যা ছিল সবচেয়ে বেশী। অনুষ্টানের ফাঁকে ফাকে আমরা নানা ধরনের গল্প ও পুরনো মজার ঘটনা মনে করে মজা করছিলাম।
কেডেট ও তাদের পরিবারের সংগীত পরিবেশনা ছিল খুবই চমৎকার, বিশেষ করে আমাদের পরের প্রজন্মের কন্ঠে বাংলা গান ও নাচ ছিল অসাধারন।
অনুষ্ঠানে প্রায় ২৫০ জনের খাওয়ার দায়িত্বও এবার দেয়া হয় এক কেডেট দম্পতিকে ( Russell Islam । তাদের রান্না সবাই দারুন উপভোগ করে।
তাই এই প্রোগ্রাম ছিল পুরোপুরি কেডেটদের _ "Of the Cadets, by the Cadets and for the Cadets ". সত্যিই এক কেডেটময় রাত্রি, মনে রাখার মত।
অনুষ্ঠান দেখতে দেখতে আর গল্প করতে করতে কখন যে রাত বারোটা বেজে গেলো টেরই পেলাম না। বাহিরে তখনও চলছিল ঝড় বৃস্টি যা আমাদেরকে কাবু করতে পারেনি এতটুকু।
দীর্ঘজীবি হউক কেডেট সম্পৃতি ্, জয়তু বন্ধুত্ব।
Long live Cadet fraternity.
United we stand.









GALA DINNER
NIGHT WITH
HIGH
REDGUM
















GALA DINNER AND CULTURAL




GALA DINNER AND CULTURAL
NIGHT WITH THE HONORABLE
HIGH COMMISSIONER
REDGUM FUNCTION CENTRE
02 JULY 2022, SYDNEY

















